

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুন ১৬, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জনপ্রশাসন মন্ত্রণালয়
বিধি-৫ অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ : ২৯ জ্যৈষ্ঠ, ১৪২১/১২ জুন, ২০১৪

এস, আর, ও নং ১৪৬-আইন/২০১৪-০৫.০০.০০০০.১৭৪.০২৭.২০০৮।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০ (২) অনুচ্ছেদের বিধান মোতাবেক, বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নন-ক্যাডার পদে নিয়োগ (বিশেষ) বিধিমালা, ২০১০ এর নিম্নরূপ সংশোধন করিলেন, যথা ঃ—

উপরি-উক্ত বিধিমালায়—

(ক) বিধি ২ এর দফা (৩) এ উল্লিখিত “প্রথম শ্রেণীর” শব্দগুলির পর “এবং দ্বিতীয় শ্রেণীর” শব্দগুলি সন্নিবেশিত হইবে;

(খ) বিধি ৪ এর—

(অ) উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

“(১) সরকারের নিকট হইতে নন-ক্যাডার শূন্য পদে নিয়োগের অনুরোধ প্রাপ্তি সাপেক্ষে, কমিশন বিসিএস পরীক্ষার মাধ্যমে নিয়োগের জন্য প্রকাশিত বিজ্ঞপ্তিতে পূরণযোগ্য নন-ক্যাডার শূন্য পদের বিবরণ ও সংখ্যা উল্লেখ করিবে।”;

(১৫০১৩)

মূল্য ঃ টাকা ৪.০০

- (আ) উপ-বিধি (২) এর “২৮তম, ২৯তম এবং ৩০তম বিসিএস পরীক্ষার জন্য প্রকাশিত বিজ্ঞপ্তিতে নন-ক্যাডার পদের বিবরণ ও সংখ্যা উল্লেখ না থাকা সত্ত্বেও, উক্ত পরীক্ষা তিনটিতে” সংখ্যাগুলি, কমা ও শব্দগুলির পরিবর্তে “২৮তম, ২৯তম, ৩০তম, ৩৩তম এবং ৩৪তম বিসিএস পরীক্ষার জন্য প্রকাশিত বিজ্ঞপ্তিতে নন-ক্যাডার পদের বিবরণ ও সংখ্যা উল্লেখ না থাকা সত্ত্বেও, উক্ত পরীক্ষা পাঁচটিতে” সংখ্যাগুলি, কমাগুলি ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (গ) বিধি ৫ এর উপ-বিধি (৩) এর “পূর্ব দিন পর্যন্ত বলবৎ থাকিবে” শব্দগুলির পরিবর্তে “পূর্বে কমিশন কর্তৃক নির্ধারিত তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (ঘ) বিধি ৬ এর বিদ্যমান বিধান উপ-বিধি (১) হিসাবে সংখ্যায়িত হইবে এবং অতঃপর উক্তরূপে সংখ্যায়িত—
- (অ) উপ-বিধি (১) এর দফা (ক) এর প্রাস্তস্থিত “সেমিকোলন” এর পরিবর্তে “কোলন” প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ শর্তাংশ সংযোজিত হইবে, যথা ঃ—
- “তবে শর্ত থাকে যে, কমিশন, সময় সময়, রাষ্ট্রীয় বিশেষ প্রয়োজনে, সরকারের অনুরোধের প্রেক্ষিতে শূন্য পদের সংখ্যা হ্রাস বা বৃদ্ধি করিতে পারিবে।”; এবং
- (আ) উপ-বিধি (১) এর পর নিম্নরূপ উপ-বিধি (২) সংযোজিত হইবে, যথা ঃ—
- “(২) সরকারের নিকট হইতে অনুরোধ প্রাপ্তির ক্রমানুসারে কমিশন বিধি ৫ এর বিধান অনুসারে প্রস্তুতকৃত প্রথম শ্রেণীর তালিকার সকল পদে নিয়োগের জন্য সুপারিশ করিবার পর প্রস্তুতকৃত তালিকা হইতে দ্বিতীয় শ্রেণীর পদে নিয়োগের জন্য সুপারিশ করিবে:
- তবে শর্ত থাকে যে, কমিশন কর্তৃক নির্ধারিত সময়সীমার পর শূন্য পদে নিয়োগের অনুরোধ বিবেচিত হইবে না।”।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. কামাল আবদুল নাসের চৌধুরী
সিনিয়র সচিব।